# হাসিনা ইস্যুর সমাধান না হওয়া পর্যন্ত প্রধানমন্ত্রীর দিল্লি সফর নয়: নাহিদ



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

ভারতের সঙ্গে বাংলাদেশের সম্পর্কের বিষয়টি পরিষ্কার না হওয়া পর্যন্ত প্রধানমন্ত্রী তারেক রহমানের দিল্লি সফর করা উচিত নয় বলে মন্তব্য করেছেন বিরোধীদলীয় চিফ হুইপ ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম।

বৃহস্পতিবার (১৩ আগস্ট) শাহবাগে ইনকিলাব মঞ্চের দ্বিতীয় প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে প্রদর্শনী ও মঞ্চনাটকে অংশ নিয়ে তিনি এ কথা বলেন।

নাহিদ ইসলাম বলেন, ৫ আগস্ট দিল্লিতে শেখ হাসিনার প্রেস কনফারেন্স নিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমান ও পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানকে স্পষ্ট বক্তব্য দিতে হবে। শেখ হাসিনাকে দেশে ফেরানোর প্রক্রিয়া কী এবং ভারতের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক কোন পথে এগোবে, সেটিও পরিষ্কার করা দরকার।

তিনি বলেন, এসব বিষয়ে সমাধান না হওয়া পর্যন্ত প্রধানমন্ত্রীর দিল্লি সফর করা ঠিক হবে না। জনগণও এমন সফর মেনে নেবে না।

LENS ASIA

ভারতের সঙ্গে বন্ধুত্বের প্রসঙ্গে নাহিদ বলেন, ভারত যদি সত্যিই বন্ধুত্বের সম্পর্ক চায়, তাহলে আগে শেখ হাসিনা ও হত্যাকাণ্ডের সঙ্গে জড়িতদের বাংলাদেশে ফেরত দিতে হবে। পাশাপাশি সীমান্তে হত্যাকাণ্ডের সমাধান এবং অভিন্ন নদীর পানিতে বাংলাদেশের ন্যায্য হিস্যা নিশ্চিত করতে হবে।

এসব বিষয় সমাধানের পরই ভারতের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্কের কথা বলা উচিত বলেও মন্তব্য করেন তিনি।